



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৮.১৫-৫৪৯

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৮
২৭ জুলাই, ২০২১

বিষয় : করোনা ভাইরাসের বিভার নিয়ন্ত্রণ ও বর্তমান উর্ধগতি রোধকজ্ঞে গণসচেতনতা সৃষ্টিতে করণীয় নির্ধারণের জন্য অনুষ্ঠিত সভার
সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্ষাপ্ত।

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের পত্র নং-৬২৩, তারিখ: ১৩/০৭/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রেস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০.০৭.২০২১ইঁ তারিখে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভায় কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলা করার জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ২৫.০৭.২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় নিয়ে উল্লেখিত ছকে বর্ণিত সেবাসমূহ প্রদানের জন্য ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার নির্দেশনা অনুযায়ী উল্লেখিত কমিটি দুটি নিম্নরূপে গঠনপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ইউনিয়ন কমিটি:

(১)	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ	সভাপতি
(২)	মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক	সদস্য
(৩)	একজন বিশিষ্ট সমাজ সেবক/স্থানীয় একজন গণ্যমান্য ব্যক্তি	সদস্য
(৪)	একজন বিশিষ্ট মুক্তিযোদ্ধা	সদস্য
(৫)	উপসহকারী কৃষি কর্মকর্তা	সদস্য
(৬)	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা	সদস্য
(৭)	সহকারী স্বাস্থ্য পরিদর্শক	সদস্য
(৮)	পরিবার কল্যাণ সহকারী	সদস্য
(৯)	মাদ্রাসার একজন শিক্ষক	সদস্য
(১০)	প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক	সদস্য
(১১)	ইউনিয়ন পর্যায়ে কর্মরত একজন এনজিও প্রতিনিধি	সদস্য
(১২)	দফাদার, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ	সদস্য
(১৩)	ইউনিয়নের অন্তর্গত বৃহত্তম হাট/বাজারের ব্যবস্থাপনা কমিটির একজন প্রতিনিধি	সদস্য
(১৪)	ইউপি সচিব, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ	সদস্য সচিব

এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

ওয়ার্ড কমিটি:

(১)	সদস্য, সংশ্লিষ্ট ওয়ার্ড	সভাপতি
(২)	প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক	সদস্য
(৩)	একজন বিশিষ্ট সমাজ সেবক/স্থানীয় একজন গণ্যমান্য ব্যক্তি	সদস্য
(৪)	একজন বিশিষ্ট মুক্তিযোদ্ধা	সদস্য
(৫)	মান্দাসার একজন শিক্ষক	সদস্য
(৬)	সংরক্ষিত মহিলা সদস্য	সদস্য
(৭)	ইউনিয়ন পর্যায়ে কর্মরত একজন এনজিও প্রতিনিধি	সদস্য
(৮)	পরিবার কল্যাণ পরিদর্শিকা	সদস্য
(৯)	স্বাস্থ্য সহকারী	সদস্য
(১০)	মসজিদের ইমাম	সদস্য
(১১)	হাট/বাজারের ব্যবস্থাপনা কমিটির একজন প্রতিনিধি	সদস্য
(১২)	কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইটার	সদস্য
(১৩)	গ্রাম পুলিশ, সংশ্লিষ্ট ওয়ার্ড	সদস্য
(১৪)	আনসার/ভিডিপির একজন সদস্য	সদস্য


এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

সদস্যসমূহ নির্বাচনের ক্ষেত্রে কমিটির সভাপতির মতামত প্রাধান্য পাবেন।

কমিটির কর্মগ্রাহি:

- (১) ভ্যাকসিন গ্রহণে সর্বস্তরের জনগণকে উদ্বৃদ্ধকরণ;
- (২) বয়স্ক ব্যক্তিদের ভ্যাকসিনেশন সেন্টারে নিয়ে আসতে সহায়তা করা;
- (৩) কোভিড-১৯ সন্দিক্ষণ ব্যক্তিদের শরীরের তাপমাত্রা ও অক্সিজেন লেভেল পরীক্ষা করে প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হাসপাতালে র্যাপিড এন্টিজেন টেস্টের জন্য প্রেরণ ও সনাত্তকৃত ব্যক্তিদের আইসোলেশন বা চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণের ব্যবস্থাকরণ:
- (৪) কোভিড-১৯ সংক্রমিত ব্যক্তিদের আইসোলেশন, কোয়ারেন্টাইন নিশ্চিতকরণ এবং তাদের মাধ্যমে সেকেন্ডারি সংক্রামণ প্রতিরোধকরণ;
- (৫) সর্বস্তরের জনগণকে স্বাস্থ্যবিধি পরিপালনে ও মান্দা ব্যবহারে উদ্বৃদ্ধকরণ;
- (৬) হাট-বাজার, চায়ের দোকান বা জনসমাগম হয় এমন স্থানে ভিড় পরিহারের ব্যবস্থা গ্রহণ;
- (৭) সুরক্ষা অ্যাপে রেজিস্ট্রেশন সহায়তা করা;
- (৮) স্বাস্থ্যবিধি পালন, মান্দা ব্যবহার, ভ্যাকসিনেশন কার্যক্রম ইত্যাদি বিষয়ে এলাকার হাট-বাজারে ও অন্যান্য স্থানে মাইকিং এর ব্যবস্থা করা।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।



27/7/2020

(মো: আবুজাফর রিপন পিথাই)

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৩০৯৮

Email : Up1lgd@gmail.com

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, সকল জেলা।
- ২। উপপরিচালক স্থানীয় সরকার, সকল জেলা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা (ট্যাগ অফিসার কর্তৃক প্রতি ইউনিয়নে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ মনিটরিং এর অনুরোধসহ)।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।